**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 06-06-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

## PM:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ জম্মু ও কাশ্মীর সফরে উধমপুর-শ্রীনগর-বারামুল্লা রেল লিঙ্ক (USBRL) প্রকল্প দেশবাসীর উদ্দেশ্যে উৎসর্গ করবেন। ২৭২ কিলোমিটার দীর্ঘ USBRL প্রকল্পটি প্রায় ৪৪ হাজার কোটি টাকায় নির্মিত হয়েছে। USBRL প্রকল্প, সম্পূর্ণ বৈদ্যুতিকায়িত এবং এর মধ্যে ৩৬টি টানেল এবং ৯৪৩টি সেতু রয়েছে। বিশ্বের সর্বোচ্চ রেলওয়ে আর্ক ব্রিজ চেনাব সেতু এবং ভারতের প্রথম ক্যাবল-স্টেইড রেল সেতু, যা USBRL-র অংশ, সেটিও প্রধানমন্ত্রী উদ্বোধন করবেন। এই প্রকল্পটি কাশ্মীর উপত্যকা এবং দেশের অন্যান্য অংশের মধ্যে সবধরনের আবহাওয়াতেই সরাসরি রেল যোগাযোগ স্থাপন করছে, যা আঞ্চলিক পরিবহন উন্নয়ন ও সামাজিক-অর্থনৈতিক সংহতি তৈরির লক্ষ্যে কাজ করছে।

************************

## C.M at Kumarghat:

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, চলতি বছরের জানুয়ারি থেকে মে মাস পর্যন্ত প্রায় ৫৭৮ কোটি টাকার পরিকাঠামো উন্নয়নে কাজ করেছে রাজ্য সরকার। উন্নয়নকে এই সরকার অন্যতম অগ্রাধিকার দিয়েছে। গতকাল উনকোটি জেলার কুমারঘাটের গীতাঞ্জলি অডিটোরিয়ামে একাধিক উন্নয়নমূলক প্রকল্পের ভার্চুয়াল উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করে একথা বলেন মুখ্যমন্ত্রী।

এদিন মুখ্যমন্ত্রী ভার্চুয়ালি ১০টি প্রকল্পের উদ্বোধন ও ৫টি প্রকল্পের শিলান্যাস করেন।

মুখ্যমন্ত্রী ডাঃ সাহা বলেন, বর্তমান সরকার আসার পর কর্মচারীদের ডিএ'র পরিমাণ বৃদ্ধি করা হয়েছে এবং সরকার সাধ্যমতো ডিএ দেওয়ার চেষ্টা করছে। তিনি বলেন,কেন্দ্রীয় অর্থায়নে রাজ্যের কুমারঘাট, ধর্মনগর ও উদয়পুর রেল স্টেশন আধুনিকীকরণ করা হচ্ছে। এ কাজে দেরি হচ্ছে জানিয়ে মুখ্যমন্ত্রী এ বিষয়ে কেন্দ্রীয় মন্ত্রীর সঙ্গে কথা বলবেন বলে জানান। মুখ্যমন্ত্রী বলেন ২০১৪ সালে প্রধানমন্ত্রী হিসেবে নরেন্দ্র মোদি দায়িত্ব গ্রহণের পর দেশ ক্রমশ সামনের দিকে এগিয়ে যাচ্ছে।

************************

**ECI-New Tecnology:**

মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার,, নির্বাচন কমিশনার ডা: সুখবীর সিং সান্ধু এবং ডা: বিবেক যোশীর নেতৃত্বে নির্বাচন কমিশন নির্বাচনের পর ইন্ডেক্স কার্ড তৈরী এবং বিভিন্ন ধরনের নির্বাচনী তথ্য সংকলনের ক্ষেত্রে গতি আনতে পুরনো ম্যানুয়াল পদ্ধতির পরিবর্তে প্রযুক্তি নির্ভর নতুন পদ্ধতি গ্রহন করেছে। এতে নির্বাচন সম্পর্কিত বিভিন্ন তথ্য দ্রুত প্রদান করা যাবে।

গবেষক, নীতি নির্ধারক, সাংবাদিক ও জনসাধারণ- সবাই যাতে নির্বাচন ক্ষেত্রভিত্তিক তথ্য দ্রুত পেতে পারেন সেজন্য নির্বাচন কমিশন স্ব-উদ্যোগে এই ইন্ডেক্স কার্ড তৈরি করেছে যেখানে নির্বাচন সম্পন্ন হওয়ার পর সমস্ত পরিসংখ্যান পাওয়া যাবে। ইনডেক্স কার্ডে প্রার্থীর নাম, ভোটার, কত ভোট পেয়েছে, কত ভোট গণনা হয়েছে, কোন দল বা প্রার্থী কত ভোট পেয়েছে, লিঙ্গানুপাতে ভোটদান, রাজনৈতিক দলগুলির প্রাপ্ত ভোট ইত্যাদি বিভিন্ন তথ্য, লোকসভা নির্বাচনের ক্ষেত্রে ৩৫ ধরনের পরিসংখ্যান এবং বিধানসভা

নির্বাচনের ক্ষেত্রে ১৪ ধরনের পরিসংখ্যান এতে পাওয়া যাবে| রাজ্যভিত্তিক ও নির্বাচনক্ষেত্র ভিত্তিক ভোটদান, মহিলা ভোটারদের অংশগ্রহণ, নির্বাচন সম্পর্কিত বিশ্লেষণ ইত্যাদি এই কার্ডে থাকছে| এর ফলে নির্বাচন সম্পর্কিত গবেষণা সহজতর হবে এবং গণতান্ত্রিক আলোচনাও শক্তিশালী হবে| তবে এই ড্যাটা শুধুমাত্র সেকেন্ডারি ড্যাটা ভিত্তিক এবং মূলত আলোচনা এবং গবেষণামূলক উদ্দেশ্যে প্রচারিত হবে| চূড়ান্ত তথ্য রিটার্নিং অফিসারদের কাছে সুরক্ষিত থাকবে।।

************************

**World Environment Day** :

বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে গতকাল রাজ্যের নানা প্রান্তে বৃক্ষরোপন সহ নানা কর্মসূচির আয়োজন করা হয়| এই উপলক্ষে গতকাল আগরতলার প্রজ্ঞাভবনে এক অনুষ্ঠানে বিজ্ঞান প্রযুক্তি পরিবেশ মন্ত্রী অনিমেষ দেববর্মা প্লাস্টিকের দূষণ মোকাবিলায় এগিয়ে আসতে সমাজের সকল অংশের মানুষের প্রতি আহ্বান জানান| তিনি বলেন, একবার ব্যবহারযোগ্য প্লাস্টিক পরিবেশের উপর ব্যাপক প্রভাব ফেলছে| এর ক্ষতিকারক দিকগুলি সম্পর্কে সচেতনতার উপর তিনি জোর দেন| উল্লেখ্য, এ বছর দিবসটির ভাবনা ছিল বিশ্বব্যাপী প্লাস্টিকের দূষণের অবসান|

************************

**Voter Awareness:**

বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে গতকাল বিশেষ ভোটার সচেতনতা মূলক বৃক্ষ রোপন কর্মসূচি পালন করা হয়| এই উপলক্ষে সবুজ, অন্তর্ভুক্তিমূলক এবং অংশগ্রহণ মূলক গনতন্ত্র গড়ার আহ্বান জানিয়েছেন রাজ্যের মুখ্য নির্বাচন আধিকারিক ব্রিজেশ পান্ডে। বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে রাজ্যের বিভিন্ন স্থানে

বৃক্ষরোপন কর্মসূচি এবং ভোটার সচেতনতা ও অংশগ্রহণ বাড়াতে S.V.E.E.P কর্মসূচি পালিত হয়| এর অঙ্গ হিসাবে সিপাহীজলা জেলায় কেন্দ্রীয় বৃক্ষরোপন কর্মসূচির আয়োজন করা হয়| এতে প্রধান অতিথি ছিলেন মুখ্য নির্বাচন আধিকারিক ব্রিজেশ পান্ডে| তিনি পরিবেশের মতোই গণতন্ত্রকে রক্ষার উপর জোর দেন|

************************

**Food Minister :**

খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী বলেছেন, দক্ষতা, মেধা আর স্বচ্ছ নিয়োগ নীতির মাধ্যমে রাজ্য সরকার বিভিন্ন দপ্তরে চাকুরী প্রদান করছে। যারা চাকুরী পেয়েছেন তারা নিজেদের যোগ্যতা অনুযায়ী চাকুরী পেয়েছেন। গতকাল AD নগরের সিপারডে নবনিযুক্ত খাদ্য পরিদর্শকদের ৬ দিন ব্যাপী প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন করে তিনি একথা বলেন। খাদ্যমন্ত্রী প্রশিক্ষণ শিবিরে খাদ্য পরিদর্শকদের সঙ্গে মতবিনিময় করেন|

************************

**Agartala ICP:**

ইদ-উল-আধা উপলক্ষে আগরতলা আই সি পি মারফত ভারত ও বাংলাদেশের মধ্যে আমদানি- রপ্তানি বানিজ্য কয়েক দিনের জন্য স্থগিত থাকবে। ভারতীয় স্থলবন্দর কর্তৃপক্ষের এক কর্মকর্তা জানান, আজ শুক্রবার থেকে এই আমদানি-রপ্তানী বন্ধ থাকবে এবং আগামী ৯ জুন পুনরায় তা শুরু হবে। তিনি বলেন, সোনামুড়ার শ্রীমন্তপুর, বিলোনিয়া, খোয়াই, কৈলাসহর এবং ধর্মনগরের মতো অন্যান্য চেকপোস্টের মাধ্যমে আমদানি- রপ্তানী বাণিজ্যও ব্যবসায়ীদের সুবিধা অনুযায়ী বিভিন্ন দিনে বন্ধ রাখা হবে।

************************

**Idd-ul-aadha:**

মুসলিম সম্প্রদায়ের অন্যতম উৎসব ইদ- উল-আধা উদযাপনে রাজ্যেও প্রস্তুতি চলছে। ত্যাগ ও সৌভ্রাতৃত্বের এই উৎসবকে কুরবানী ইদ বা বকরী ইদও বলা হয়। আগরতলার টাউন জামে মসজিদের ইমাম আবদুর রহমান জানান রাজ্যে আগামীকাল এই উৎসব উদযাপিত হবে।

************************

**Weather:**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়, আকাশ সাধারণত মেঘলা থাকবে। বজ্র-বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। রাজ্যের উত্তর, উনকোটি, ধলাই, খোয়াই ও পশ্চিমজেলায় ভারি বৃষ্টিপাতের সতর্কতা রয়েছে। সঙ্গে ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়াও বয়ে যেতে পারে। আজ সকালে আগরতলা শহর শহরতলী তে এক পশলা বৃষ্টিপাত হয়। আগরতলায় গতকাল সকাল থেকে আজ ভোর পর্যন্ত বৃষ্টি হয়েছে ৬৫.৮ মিলিমিটার। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৪.৮ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৪ ডিগ্রির কাছাকাছি।

************************

************************